

ফেব্রুয়ারী ২৬, ২০১৮

প্রিয় পিতামাতাগণ, অভিভাবকগণ, এবং পরিবারবর্গ

ক্লোরিডায় বিদ্যালয়ে গোলাগুলির দুঃখজনক ঘটনার আলোকে, আমি একটি জেলা হিসেবে আমাদের ইতিমধ্যে গৃহীত নিরাপত্তা ব্যবস্থা এবং অতিরিক্ত ব্যবস্থা যা আমাদের শিক্ষার্থী এবং কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে বাস্তবায়িত হবে তা পর্যালোচনা করতে চাইছিলাম।

হয়তো আপনারা জানেন, মিশিগানে আমরাই একমাত্র জেলা যাদের নিজস্ব পুলিশ বিভাগ আছে। আমাদের প্রতিটি উচ্চবিদ্যালয়ের ভবনে শপথ করা এবং দক্ষ পুলিশ কর্মকর্তারা নিযুক্ত রয়েছে। উপরন্তু, এই বছর আমরা আয়তন এবং তালিকাভুক্তের পরিমাণ নির্বিশেষে প্রতি বিদ্যালয়ে একজন নিরাপত্তা রক্ষী নিশ্চিত করেছি। প্রতি বছর, প্রত্যেক বিদ্যালয়ে "লক ডাউন" পরিস্থিতির অনুকরণে জরুরি অবস্থা অনুশীলন করা এবং একটি নিরাপত্তা পরিকল্পনা করা আবশ্যিক। অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে সামাজিক গণমাধ্যম পর্যবেক্ষণের মাধ্যমে সক্রিয়ভাবে ঝুঁকি চিহ্নিত করার জন্য আমাদের পুলিশ কর্মচারী এবং বিদ্যালয় পর্যায়ের কর্মীও রয়েছে, এবং আমাদের বিদ্যালয়ের ক্যামেরাগুলো নজরদারির জন্য আমাদের পুলিশ সদরের সাথে সংযুক্ত।

নিরাপত্তা ব্যবস্থা উন্নত করতে, আমরা প্রতিটি বিদ্যালয় পর্যবেক্ষণ করবো এটা নিশ্চিত করতে যেন প্রত্যেকটিতে প্রবেশের জন্য একটিমাত্র দরজা থাকে। এছাড়াও আমরা নিরাপত্তা/আইটি সুবিধা পর্যবেক্ষণ করছি এটা নিশ্চিত হতে কোন ক্যামেরা এবং ধাতু আবিষ্কারক যন্ত্রের মেরামত প্রয়োজন, একইসাথে প্রতি শ্রেণীকক্ষে অভ্যন্তরীণ তালা সংযুক্ত করার খরচ পরিমাপন করছি। পর্যালোচনার ফলাফল পরীক্ষা করা হবে যেহেতু আমরা পুরো জেলায় ছাদ, জানালা, বয়লার ইত্যাদি সুবিধার প্রয়োজনীয়তা ব্যাপকভাবে মূল্যায়ন করবো। সবশেষে, তবুও, অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে আমাদের সবচেয়ে বড় নিরাপত্তার প্রতিবন্ধক হল সেই সম্পর্ক যা আমরা আমাদের সন্তানদের সাথে ঘরে এবং বিদ্যালয়ে স্থাপন করি। অনুগ্রহপূর্বক সক্রিয়ভাবে আপনার সন্তানের সাথে তাদের জীবন, স্বপ্ন, আতঙ্ক, প্রতিযোগিতা, এবং অন্য বাচ্চাদের সাথে তাদের সম্পর্ক নিয়ে কথা বলুন। বিদ্যালয়ের বাইরে, আমাদের জাতি এবং রাষ্ট্রে জোরদার বন্দুক নিয়ন্ত্রণ প্রয়োজন। আমাদের শিক্ষার্থীরা ইতিমধ্যেই এই দাবি জানিয়েছে এবং আমরা এই ক্ষেত্রে বিধানিক সংশোধনের জন্য একটি নিরাপদ এবং ফলদায়ক দাবির জন্য তাদের অনুরোধ সমর্থন করি।

সুধীগণ, অনুগ্রহপূর্বক উদ্বিগ্ন অথবা সন্দেহজনক কিছু চোখে পড়লে যা আমাদের সন্তান, বিদ্যালয়, অথবা কর্মচারীদের ক্ষতি করতে পারে প্রতিবেদন করা নিশ্চিত করুন। এটা করা যেতে পারে আপনার সন্তানের অধ্যক্ষ, শিক্ষক(গণ)-এর মাধ্যমে, আমাকে ইমেইল করার মাধ্যমে এখানে [nikolai.vitti@detroitk12.org](mailto:nikolai.vitti@detroitk12.org) অথবা আমাদের পুলিশকে 313-748-6000 নাম্বারে ফোন করার মাধ্যমে।

আপনার বিশ্বস্ত,

নিকোলাই পি. ভিট্টি, এড.ডি

বিদ্যালয়ের অধীক্ষক

ডেট্রয়েট সার্বজনীন বিদ্যালয় সম্প্রদায় জেলা